



মেধাশ্রী

অনগ্রসর শ্রেণি কল্যাণ দপ্তর

প্রকল্পটির উদ্দেশ্য

পঞ্চম থেকে অষ্টম শ্রেণিতে পাঠরত অন্যান্য অনগ্রসর শ্রেণির ছাত্র-ছাত্রীদের পড়াশোনা চালিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে বছরে ৮০০ টাকা করে বৃত্তি প্রদান। প্রকল্পটি জানুয়ারি, ২০২৩ -এ চালু হয়েছে।

কারা এই প্রকল্পের সুবিধা পেতে পারেন

- ১) রাজ্যের সরকারি/সরকার পোষিত বা স্বীকৃতি প্রাপ্ত শিক্ষা বিদ্যালয়গুলির পঞ্চম থেকে অষ্টম শ্রেণিতে পাঠরত অন্যান্য অনগ্রসর শ্রেণির ছাত্র-ছাত্রী যারা হোস্টেলে থাকেনা।
- ২) যাদের পারিবারিক বাৎসরিক আয় আড়াই লক্ষ টাকার নিচে।

প্রকল্পে আবেদন করার জন্য প্রয়োজনীয় নথি

- ১) আবেদনকারীর জাতিগত শংসাপত্র / পৈতৃক সূত্রের জাতিগত প্রমাণ;
- ২) ব্যাংক পাশবইয়ের প্রথম পাতার ফটোকপি;
- ৩) বাবা/মা/অভিভাবকের সাম্প্রতিকতম আয়ের প্রমাণপত্র;
- ৪) আবেদনকারী/অভিভাবকের মোবাইল নম্বর;
- ৫) আবেদনকারী পরিচয়পত্র (আধার/খাদ্যসার্থী কার্ড)।

যোগাযোগ

নিজের স্কুলে আবেদন করতে হবে। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা অনলাইনে আবেদনপত্র জমা করতে সাহায্য করবেন।